

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়	
স্মারক নং: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০০৪.২৩.৫০৩	
তারিখ: ১৫/৭/১৬	স্বাক্ষর: [স্বাক্ষর]
সংসদীয়	সংসদীয়
সংসদীয়	সংসদীয়
সংসদীয়	সংসদীয়
সংসদীয়	সংসদীয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধান প্রকৌশলীর কার্যালয়
 গণপূর্ত অধিদপ্তর
 হিসাব শাখা-১
 পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
 www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০০৪.২৩.৫০৩

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩০

১৪ জুন ২০২৩

বিষয়: "গোপালগঞ্জ, সুনামগঞ্জ, বরিশাল, রংপুর, জামালপুর এবং যশোর জেলায় বিটাকের ৬টি কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় সুনামগঞ্জ কেন্দ্রের পূর্ত কাজের জন্য চেকের মাধ্যমে ১৮৯.০০ লক্ষ টাকা বরাদ্দ।

সূত্র: প্রকল্প পরিচালক, "গোপালগঞ্জ, সুনামগঞ্জ, বরিশাল, রংপুর, জামালপুর এবং যশোর জেলায় বিটাকের ৬টি কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্প, শিল্প মন্ত্রণালয়, ১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকার স্মারক নং-৩৬.০৬.০০০০.০২৫.২০.০০২.২২/১১১৫ তারিখ-২৯-০৫-২০২৩ খ্রিঃ এর প্রেক্ষিতে।

উপরোক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজের জন্য সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে প্রকল্প পরিচালক মহোদয় কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট চেকের মাধ্যমে ন্যস্তকৃত ১৮৯.০০ লক্ষ (এক কোটি ঊননব্বই লক্ষ) টাকার চেকটি যার নং-CG-৫০ ২২৬৪০১৮ তারিখ-২৯/০৫/২০২৩; সোনালি ব্যাংক লিমিটেড, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের এনডোর্স পূর্বক এতদসঙ্গে প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে অত্র দপ্তরে দাখিল করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ অনুসরণ করতে হবে।

- (১) প্রত্যাশী সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
 - (২) কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশী সংস্থার নিকট হতে প্রত্যয়ন প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
 - (৩) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব অত্র দপ্তরে ও প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
 - (৪) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- সংযুক্তি- বর্ণনামতে ১৮৯.০০ লক্ষ টাকার চেক।

[স্বাক্ষর]

১৪-৬-২০২৩

আশেক আহমেদ শিবলী

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল: se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী

সুনামগঞ্জ গণপূর্ত বিভাগ, সুনামগঞ্জ।